

হৃদয় কথা

❖ শিউলি শৰ্মা।

সৃষ্টি মগ্ন তুমি,
কলমও প্রস্তুত,
কাগজ নিচে না একফোটা কালি,
লেপেটে আছে চারপাশ,
তবে; মাধ্যাকর্ষন শূন্য কোনো হানে চলে এসেছি,

জীবন, মৃত্যু সমান সমান দূরত্ব,
এ কী স্থবিরতা ,
তোমার নীল নীল চোখ দেখে ,
আর ধক্কধক্ক করেনা, জিয়া (হৃদয়)
বলছ ত হরমোন কমে গেলে এমন হয় ,
কথা বেড়ে যায়
পজেষ্টেরল কম হলে,

না না, রাত বাড়িও না,
শুতে চল,
ঘুম নিয়ে ভেবোনা,
আসার সময় হলে, অমনি আসবে ।

কি ভাবো তুমি
না কিছু না -
বদলে যাচ্ছে সব,

এতদূর বদলাতে পারছিনা,
কেউ পারছে না,
ছুটছে আর দৌড়ে গিয়ে,
শেষ ট্রেন মিস করে বসে আছে,
বাড়ী যাবে, নাকি রাতটা প্ল্যাটফর্মে
কাটিয়ে দিয়ে,
ভোরের ট্রেন ধরবে,
চুপ কর'ত,
ঐ কান্না শোনা যায়,
না না কিছু না শুয়ে থাকো,
শুনছি তো,
ভাবো শুনছি না,
ভাবো কিছু না,

.....
সকালে যদি কোন দু:সংবাদ পাই,
ভেবো না; পুলিশ, থানা,
তোমার কি;
ঘুমোবার চেষ্টা কর,
কিছু না, কিছু শুনছ না,
কিছু শুনছি না ।

* * *

